



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
[www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd)



**ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল থেকে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা  
প্রাপ্তির জন্য আবেদনপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় কাগজ-পত্রাদির বিবরণ নিম্নরূপ:**

ক্রম.

**সংযুক্ত প্রয়োজনীয় কাগজ-পত্রাদির বিবরণ**

১. অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর সরাসরি/ডাকযোগে আবেদন প্রেরণ করতে হবে।
২. সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল মেধাবী শিক্ষার্থীরা বছরের যে কোনো সময় আবেদন করতে পারবে।
৩. আবেদনের সাথে শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের সদ্যতোলা এক কপি ছবি সংযুক্ত করতে হবে।
৪. প্রতিষ্ঠান থেকে প্রদত্ত শিক্ষার্থীর পরিচয় পত্রের (Student's ID Card) ফটোকপি সংযুক্ত করতে হবে।
৫. শিক্ষার্থীর জন্মনিবন্ধন/এনআইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৬. শিক্ষার্থীর মা/বাবা/অভিভাবকের এনআইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৭. শিক্ষার্থীর পূর্ববর্তী বছর/অধ্যয়নরত শ্রেণির নম্বরপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৮. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগ থেকে শিক্ষার্থী অসচ্ছল-মেধাবী মর্মে প্রদত্ত প্রত্যয়ন পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৯. সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত/অসহায় এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী অগ্রাধিকার পাবে। দুরারোগ্য ব্যাধি প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/ উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদসহ যাবতীয় খরচাদির তথ্য প্রমাণকসহ সংযুক্ত করতে হবে।
১০. প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত/দুস্থ পরিবারের সন্তান এবং অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান, প্রতিবন্ধী পিতা-মাতার সন্তান জরুরি আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। প্রদত্ত আবেদনের সাথে শিক্ষার্থীর অগ্রাধিকার প্রমাণে এ সংক্রান্ত প্রমাণাদি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
১১. প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।
১২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক শিক্ষার্থীর 'পিতা/মাতা/অভিভাবক দরিদ্র ও অসচ্ছল' মর্মে প্রদত্ত প্রত্যয়ন আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
১৩. আবেদনকারী শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের ব্যাংক হিসাবের তথ্য (সকল তথ্য ইংরেজিতে)-
  - ব্যাংক হিসাবের নাম
  - ব্যাংক হিসাব নম্বর
  - ব্যাংকের নাম
  - শাখার নাম ও ঠিকানা
  - রাউটিং নম্বর